29 July – 4 August, 2021

শিক্ষা চাকরি ও খেলা

Kolkata (South 24 Pgs.)

❖ তোমাদের প্রয়োজনে আমরা ❖

Shiksha Chakri O Khela

বর্ষ - ৭, সংখ্যা - ৩০ সাপ্তাহিক ২৯ জুলাই - ৪ আগস্ট, ২০২১ R.N.I. – WBBEN / 2015 / 63189 পৃষ্ঠা - ১৬ Rs. 5.00

ভেতরের পাতায়

❖ 'ডব্লুবিসিএস প্রিলিমিনারি' পরীক্ষার স্পেশাল মডেল সেট-২ এর প্রথম অংশ

❖ 'সাফল্যলাভে জিজ্ঞাসা' – পাঠক-পাঠিকাদের পাঠানো প্রশ্নের উত্তর দেওয়া হয়।

❖ কেন্দ্রীয় ও রাজ্য সরকারি বিভিন্ন পরীক্ষা সম্পর্কিত খবরখবর ও রেজাল্টসমূহ।

❖ বিস্তারিত কারেন্ট অ্যাফেয়ার্স

মাধ্যমিক যোগ্যতায় ২৫২৭১

দীর্ঘ প্রতিক্ষার অবসান করে অবশেষে স্টাফ সিলেকশন কমিশন 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্স' (সিএপিএফ), 'ন্যাশনাল ইনভেসিটিগেশন এজেন্সি' (এনআইএ), 'সেক্রেটারিয়েট সিকিউরিটি ফোর্স' (এসএসএফ), 'বর্ডার সিকিউরিটি ফোর্স' (বিএসএফ), সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স (সিআইএসএফ), ইন্দো টিবেটান বর্ডার পুলিশ ফোর্স (আইটিবিপি), 'সশস্ত্র সীমা বল' (এসএসবি) এবং 'আসাম রাইফেলসে' রাইফেলম্যান শাখায় জেনারেল ডিউটি বিভাগে প্রায় ২৫,২৭১ জন পুরষ ও মহিলাকে কনস্টেবল পদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত করল। আবেদন গ্রহণ চলবে ৩১ আগস্ট রাত্রি সাড়ে ১১টা পর্যন্ত https://www.ssc.nic.in এই ওয়েবসাইটে। অনলাইনে ফি জমা করা যাবে ২ সেপ্টেম্বর রাত্রি সাড়ে ১১টা পর্যন্ত। আবেদন ফি ১০০ টাকা। এসসি, এসটি, শারীরিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলা প্রার্থীদের আবেদন ফি লাগবে না। অফলাইনে চালান জেনারেট করা যাবে ৪ সেপ্টেম্বর, রাত্রি সাড়ে ১১টার মধ্যে এবং অফলাইনে টাকা জমা করা যাবে সংশ্লিষ্ট ব্যাঙ্কে ৭ সেপ্টেম্বর তারিখের মধ্যে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : 3-1/2020-P&P-I।

আবেদনের শেষ তারিখ ৩১ আগস্ট

▸ **শূন্যপদ : প্রথমে পুরুষ শাখায় শূন্যপদগুলি জানানো হল— ১)** *বিএসএফ* শাখায় মোট শূন্যপদ ৬৪১৩টি (অসংরক্ষিত ২৬৯০, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৬৪১, ওবিসি ১৪৫৩, এসটি ৬০৩ এবং এসসি ১০২৬)। **২)** *সিআইএসএফ* শাখায় মোট শূন্যপদ ৭৬১০টি (অসংরক্ষিত ৩২১৭, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৭৬০, ওবিসি ১৭১৪, এসটি ৭৮৬ এবং এসসি ১১৩৩)। **৩)** *এসএসবি* শাখায় মোট শূন্যপদ ৩৮০৬টি (অসংরক্ষিত ১৬১৬, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩৮০, ওবিসি ৮৯২, এসটি ৩১৪ এবং এসসি ৬০৪)। **৪)** *আইটিবিপি* শাখায় মোট শূন্যপদ ১২১৬টি (অসংরক্ষিত ৫৬৩, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৯৫, ওবিসি ২৫০, এসটি ১৩১ এবং এসসি ১৭৭)। **৫)** *আসাম রাইফেলস* শাখায় মোট শূন্যপদ ৩১৮৫টি (অসংরক্ষিত ১৩৫৪, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩১৭, ওবিসি ৬১৫, এসটি ৫০৮ এবং এসসি ৩৯১)। **৬)** *এসএসএফ* শাখায় মোট শূন্যপদ ১৯৪টি (অসংরক্ষিত ৮৪, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১৯, ওবিসি ৪৯, এসটি ১৪ এবং এসসি ২৮)। **এবার পুরুষ শাখায় শূন্যপদগুলি**

এরপর ২ পাতায়

টেরিটোরিয়াল আর্মিতে কয়েকশ অফিসার

কেন্দ্রীয় সরকারের অধীনস্থ টেরিটোরিয়াল আর্মি অফিসার দপ্তরে কয়েকশ শূন্যপদে পুরুষ ও মহিলা নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। ১৯ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে www.jointerritorialarmy.gov.in ওয়েবসাইটে গিয়ে। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক পাশ করলেই প্রার্থীরা আবেদনযোগ্য। ১৯ আগস্ট, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স হতে হবে ১৮-৪২ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন। আবেদন ফি ২০০ টাকা। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে এবছর ২৬ সেপ্টেম্বর। লিখিত পরীক্ষার

এরপর ২ পাতায়

নৌবাহিনীতে ৩৩ অবিবাহিত পুরুষ

মাধ্যমিক যোগ্যতায়

ভারতীয় নৌবাহিনীতে মাধ্যমিক যোগ্যতায় মিউজিসিয়ান শাখায় ৩৩ জন অবিবাহিত পুরুষ প্রার্থীকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : 02/2021)। প্রার্থীদের স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক পাশের সঙ্গে ভারতীয় ও আন্তর্জাতিক স্তরের সঙ্গীত শাস্ত্রে দক্ষতা থাকতে হবে। সংশ্লিষ্ট মিউজিক্যাল ইনস্ট্রুমেন্ট যেমন কিবোর্ড/স্ট্রিং/ওয়াইন্ড ইনস্ট্রুমেন্ট/ড্রামসেট/স্নেয়ার ড্রামস/নন-ক্রোমাটিক ইনস্ট্রুমেন্ট ইত্যাদি বাজাতে জানতে হবে। আবেদিত প্রার্থীর জন্মতারিখ হতে হবে ১ অক্টোবর, ১৯৯৬ থেকে ৩০ সেপ্টেম্বর, ২০০৪ তারিখের মধ্যে। প্রার্থী বাছাই হবে মিউজিক স্ক্রিনিং টেস্টে পারফর্মেন্স এবং ফিজিক্যাল ফিটনেস

এরপর ৩ পাতায়

সশস্ত্র সীমা বলে ১১৫ কনস্টেবল

উচ্চমাধ্যমিক যোগ্যতায়

কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ সশস্ত্র সীমা বল ১১৫টি শূন্যপদে গ্রুপ-সি নন-গেজেটেড মিনিস্টেরিয়াল শাখায় হেড কনস্টেবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : 338/RC/SSB/8C(Min/2020)। আবেদনের শেষ তারিখ ২২ আগস্ট।

▸ **শূন্যপদ :** মোট শূন্যপদ ১১৫টি (অসংরক্ষিত ৪৭, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১১, ওবিসি ২৬, এসসি ২১, এসটি ১০)। এরমধ্যে ১০ শতাংশ শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

▸ **বেতনক্রম :** মাসিক বেতন দেওয়া হবে ২৫,৫০০ টাকা

এরপর ৩ পাতায়

ইলেকট্রিক পাওয়ার কর্পোরেশনে ৯৪ অ্যাপ্রেন্টিস

ইঞ্জিনিয়ারিং যোগ্যতায়

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট অনুযায়ী মেঘালয় রাজ্যে অবস্থিত নর্থ-ইস্টার্ন ইলেকট্রিক পাওয়ার কর্পোরেশন লিমিটেড ৯৪টি শূন্যপদে ইঞ্জিনিয়ারিং পাশ ছেলেমেয়েদের অ্যাপ্রেন্টিসশিপ প্রশিক্ষণ দেওয়ার বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর : NEEPCO-01/2021-22 Dt. 26 July, 2021। প্রার্থীদের এক বছর মেয়াদের প্রশিক্ষণ দেওয়া হবে সংস্থার বিভিন্ন প্ল্যান্ট/প্রোজেক্ট এলাকায়।

▸ **শূন্যপদ, শিক্ষাগত যোগ্যতা ও**

এরপর ২ পাতায়

ব্রডকাস্টে ৯৯

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীনস্থ মিনিরত্ন কোম্পানি 'ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্টস ইন্ডিয়া লিমিটেড' (বিইসিআইএল) সংস্থার কার্গো লজিস্টিক এবং অ্যালিট সার্ভিসেস কোম্পানি লিমিটেডের অধীনে হ্যান্ডিম্যান/লোডার,

এরপর ২ পাতায়

পোস্টাল সার্কেলে ২৩৫৭

মাধ্যমিক যোগ্যতায়

সারা দেশে পোস্টাল সার্কেল ২০২১ এর মাধ্যমে তৃতীয় পর্যায়ে নিয়োগ প্রক্রিয়া শুরু করতে চলেছে। পশ্চিমবঙ্গ সার্কেলে মোট ২৩৫৭টি শূন্যপদে গ্রামীণ ডাকসেবক নিয়োগ হবে। গোটা দেশে বিভিন্ন রাজ্য/অঞ্চল/সার্কেল ভাগ করে আবেদনগ্রহণ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : ICTTRECTT/R-100GDS-CYCLE-III/VOL-I। তিনটি পদে নিয়োগ করা হবে যথা– ব্রাঞ্চ পোস্ট মাস্টার (ডিপিএম), অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্ট মাস্টার (এবিপিএম) এবং ডাকসেবক।

▸ **শূন্যপদ :** মোট শূন্যপদ ২৩৫৭টি। এরমধ্যে অসংরক্ষিত ১০০১, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১৯২, ওবিসি ৪৯৬, এসসি ৪৮৭, এসটি ১২০ ও শারীরিক প্রতিবন্ধী ৫৫।

এরপর ২ পাতায়

এয়ারফোর্সে ৮৫

মাধ্যমিক যোগ্যতায়

ভারতীয় বায়ুসেনার গ্রুপ-সি সিভিলিয়ান পোস্টে, কুক, মেস স্টাফ, মাল্টি টাস্কিং স্টাফ, টাইপিস্ট, হাউসকিপিং স্টাফ, লোয়ার ডিভিশন ক্লার্ক, স্টোরকিপার, কার্পেন্টার, পেন্টার ও ড্রাইভার শাখায় ৮৫ জনকে নিয়োগ করবে। প্রার্থীদের নিয়োগ করা হবে ভারতীয় বায়ুসেনার বিভিন্ন স্টেশনে। প্রার্থী যে এয়ারফোর্স স্টেশনে আবেদন করতে চান সেখানকার ঠিকানায় আবেদনপত্র পাঠাবেন ২৩ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে। নীচে পোস্টাল অ্যাড্রেস অনুযায়ী শূন্যপদ বর্ণনা করা হল– **১)** *ঠিকানা :* The Air Officer Commanding, Air Force Station, Race Course, New Delhi-110003। এখানে এলডিসিতে ১টি

এরপর ৩ পাতায়

101 GEORGE TELEGRAPH 1920 - 2021

GSCE পড়লেই সরকারি চাকরি

George Telegraph • Since 1920

সরকারি চাকরি এবার ঘরে বসে কম খরচে

যে সমস্ত পরীক্ষা শীঘ্রই আসন্ন

GSCE অলনাইন

▸ ৬০ হাজার শিক্ষক টেট পরীক্ষার মাধ্যমে

▸ ১০৫০০ গ্রুপ-ডি, লাইব্রেরিয়ান ▸ ডব্লুবিসিএস ২০২১-২২

যে সমস্ত পরীক্ষায় ফর্ম ফিলআপ চলছে

Website : www.gsceindia.org

▸ মাধ্যমিক পাশে ২৫২৭১ জিডি কনস্টেবল ▸ স্নাতক পাশে ব্যাঙ্কে ৫৮৩০ ক্লার্ক ▸ কলকাতা পুলিশে ৩৩০

জিএসসিই-তে অনলাইন-অফলাইন সাপোর্ট

EMI facility available

• লাইভ ক্লাস গুগল মীটে • Exam Oriented Study Materials in PDF Format through Email/Whatsapp • Class Notes, Class Tests, Performance Test • Daily GK 40-50 pages per day • Weekly/Monthly Mock Tests • Mock Interview facility • GSCE Publications থেকে পাওয়া যাবে মাসিক ম্যাগাজিন 'অ্যাচিভার্স', 'Achievers In-Focus' ও সাপ্তাহিক ট্যাবলয়েড 'শিক্ষা চাকরি ও খেলা'।

New Normal

Online Course on Competitive Exams for all types of Central and State level Govt. jobs - like

WBCS • SLST • TET • BANK

RAIL • PSC • SSC • LIC • Police etc.

কোর্স ফি ৩৫৪০ টাকা থেকে শুরু

Admission Helpline : 9830277100 / 200 / 300

Website : www.gsceindia.org | E-mail : gscesdh@gmail.com

সম্পাদকীয়

এবছর শ্রাবণ মাস যেন অনেকবছর পর তার চিরাচরিত বর্ষারূপকে প্রদর্শিত করতে পেরে যারপরনাই উল্লসিত হয়ে আছে। অবিরাম বর্ষণ, নিম্নচাপে জর্জরিত বঙ্গবাসীর জীবন একেবারে জলমগ্ন। কলকাতাসহ পার্শ্ববর্তী এলাকা এই সপ্তাহের শুরু থেকে শেষ পর্যন্ত জলের তলাতেই পাকাপাকিভাবে জায়গা করে নিয়েছে। ঘনঘন আবহবিদদের আবহাওয়ার পূর্বাভাস শোনাই এখন একমাত্র ভরসার জায়গা সাধারণ জনবাসীর। কার্যত লকডাউনবিধির মধ্যেও যেহেতু অফিস কাছারিতে কর্মীদের প্রবেশাধিকার দেওয়া হয়েছে তাই জনবাসী জল ঠেলেই কর্মস্থলে যাচ্ছেন রীতিমত নাজেহাল হয়ে। পারিপার্শ্বিক পরিস্থিতির বাস্তবিক রূপ দর্শন করলে একথা সহজেই অনুমেয়, অতিমারী পরিস্থিতিতে দেশে বেসরকারি চাকরি হারানোর ফলে বহু মানুষ বেকারত্বের শিকার। কিন্তু সরকারি কর্মচারীদের স্থায়ী চাকরি ভবিষ্যৎ জীবনকে সুনিশ্চিত করেছে। একথা ঠিক, করোনা পরিস্থিতির মধ্যেও তাঁরা জীবন হাতে করে জরুরি পরিষেবা চালিয়ে গেছেন– কিন্তু তাই বলে তাদের মুখের সামনে কেউ কর্মহীনতার নোটিশ জারি করতে পারেনি। 'শিক্ষা চাকরি ও খেলা' তাই সর্বদাই উদীয়মান তরুণ-তরুণীদের এই পরামর্শই দেয় যে, মাধ্যমিক পাশের পর থেকেই উচ্চশিক্ষার জন্য পড়াশোনা চালিয়ে যাওয়ার পাশাপাশি সরকারি চাকরির জন্য প্রস্তুতিগ্রহণ শুরু করে দিতে। একথা অনেকেই বলেন যে, বিহার, উত্তরপ্রদেশ বা অন্যান্য রাজ্যের ছেলেমেয়েরা বেশি উচ্চশিক্ষিত নয়। কিন্তু সরকারি চাকরি করার হারে তারা বাংলার চেয়ে এগিয়ে। এর কারণ বাঙালিদের মেধা নেই তা কিন্তু একেবারেই নয়, অন্য রাজ্যের ছেলেমেয়েরা অল্প বয়স থেকেই বোর্ড পরীক্ষা পাশের সঙ্গে সঙ্গেই বিভিন্ন সরকারি চাকরির কোচিং নিতে শুরু করে দেয়। অন্যদিকে বাঙালি ছেলেমেয়েরা স্নাতক পাশ না করলে সরকারি চাকরির পরীক্ষা দেওয়ার কথা ভাবতেও পারেনা। এই চিন্তাভাবনার তফাতেই সরকারি চাকরি পাওয়ার পরিসংখ্যানে ভিনরাজ্যের পরীক্ষার্থীরা এগিয়ে থাকে। তাই একথা স্পষ্ট যে, শুধু মেধা নয়, পরিশ্রম ও অধ্যাবসায়ই সরকারি চাকরি প্রাপ্তিতে প্রধান ভূমিকা গ্রহণ করে। এরসঙ্গে দরকার সঠিক গাইডেন্স ও এক্সপার্টদের দেওয়া প্রয়োজনীয় ট্রিপস। এইসব কিছু হাজির আছে জর্জ টেলিগ্রাফের 'জিএসসিই' এবং 'জিএসসিই পাবলিকেশন্স' থেকে প্রকাশিত 'শিক্ষা চাকরি ও খেলা' সাপ্তাহিক ট্যাবলয়েডে। চাকরির বিশেষ খবরাখবর সাপ্তাহিকভাবে নিয়মিত আমরা প্রকাশ করে থাকি আপনাদেরই সাফল্য কামনায়। সকলে ভালো থাকুন এবং অপরকে ভালো রাখুন। পত্রিকার তরফ থেকে সকলকে আন্তরিক শুভেচ্ছা ও ভালোবাসা জানাই।

টেরিটোরিয়াল আর্মিতে কয়েকশ

১ পাতার পর

কেন্দ্র পড়বে নিম্নলিখিত স্থানে যথা– জয়পুর, কলকাতা, চণ্ডীগড়, আম্বালা, আগ্রা, শ্রীনগর, পুণে, দার্জিলিং, জলন্ধর, হিসার, ভুবনেশ্বর, নাগরোটা, বেঙ্গালুরু, গৌহাটি, সিমলা, লক্ষ্ণৌ, দেরাদুন, হায়দ্রাবাদ, ডিমাপুর, দিল্লি, এলাহাবাদ এবং উধমপুর। লিখিত পরীক্ষাটি ২টি পেপারে অনুষ্ঠিত হবে। প্রতিটি পেপারে ২ ঘণ্টা করে সময় থাকবে। প্রথম পেপারে রিজনিং ও এলিমেন্টারি ম্যাথমেটিক্স থেকে ৫০টি করে ১০০ নম্বরের প্রশ্ন থাকবে। দ্বিতীয় পেপারে জেনারেল নলেজ ও ইংরেজি বিষয় থেকে ৫০টি করে ১০০ নম্বরের প্রশ্ন থাকবে। প্রতিটি বিষয়ে ন্যূনতম ৪০ শতাংশ এবং সর্বমোট ন্যূনতম ৫০ শতাংশ নম্বর পেলে প্রার্থী উত্তীর্ণ বলে গণ্য হবে। এছাড়া বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

ব্রডকাস্টে ৯৯

১ পাতার পর

সুপারভাইজার এবং সিনিয়র সুপারভাইজার শাখায় ৯৯ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। নিয়োগ হবে প্রাথমিকভাবে চুক্তিভিত্তিক পদ্ধতিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ৭২। আবেদন করতে হবে ৮ আগস্ট তারিখের মধ্যে www.becil.com ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ৭৫০ টাকা। এসসি/এসটি/আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের

এরপর ৪ পাতায়

মাধ্যমিক যোগ্যতায় ২৫২৭১

১ পাতার পর

জানানো হল— ১) *বিএসএফ* শাখায় মোট শূন্যপদ ১১৩২টি (অসংরক্ষিত ৪৭৮, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১১৩, ওবিসি ২৫৫, এসটি ১১০ এবং এসসি ১৭৬)। **২)** *সিআইএসএফ* শাখায় মোট শূন্যপদ ৮৫৪টি (অসংরক্ষিত ৩৫৯, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৮৮, ওবিসি ১৯৩, এসটি ৮৬ এবং এসসি ১২৮)। **৩)** *আইটিবিপি* শাখায় মোট শূন্যপদ ২১৫টি (অসংরক্ষিত ১১৭, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৮, ওবিসি ৪২, এসটি ২০ এবং এসসি ২৮)। **৪)** *আসাম রাইফেলস* শাখায় মোট শূন্যপদ ৬০০টি (অসংরক্ষিত ২৫৫, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৬০, ওবিসি ১১৫, এসটি ৯৯ এবং এসসি ৭১)। **৭)** *এসএসএফ* শাখায় মোট শূন্যপদ ৪৬টি (অসংরক্ষিত ২১, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৪, ওবিসি ১১, এসটি ৩ এবং এসসি ৭)।

▶ **বয়সসীমা :** ১ আগস্ট ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ১৮-২৩ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** ১ আগস্ট, ২০২১ তারিখ অনুযায়ী স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা তার সমতুল শ্রেণি পাশ করতে হবে। নম্বরের কোনো বাধ্যবাধকতা নেই, শুধু পাশ করলেই আবেদনযোগ্য।

▶ **শারীরিক মাপজোখ :** পুরুষ প্রার্থীদের ন্যূনতম শারীরিক উচ্চতা হতে হবে ১৭০ সেমি এবং মহিলাদের ১৫৭ সেমি। এসটি প্রার্থীদের মধ্যে পুরুষদের উচ্চতা ১৬২.৫ সেমি এবং মহিলাদের ১৫০ সেমি। পুরুষ প্রার্থীদের বুকের ছাতি হতে হবে ন্যূনতম ৮০ সেমি এবং ফুলিয়ে ৮৫ সেমি। এসটি প্রার্থীদের বুকের ছাতি হতে হবে ন্যূনতম ৭৬ সেমি এবং ফুলিয়ে ৮১ সেমি।

▶ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা (অনলাইন টেস্ট), ফিজিক্যাল এফিসিয়েন্সি টেস্ট এবং ফিজিক্যাল স্ট্যান্ডার্ড টেস্টের মাধ্যমে। অনলাইন লিখিত পরীক্ষায় ৯০ মিনিট সময়ে প্রার্থীদের জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল নলেজ অ্যান্ড জেনারেল অ্যাওয়ারনেস, এলিমেন্টারি ম্যাথমেটিক্স এবং ইংলিশ/হিন্দি বিষয়ে ১০০ নম্বর বিষয়ের পরীক্ষা দিতে হবে। নেগেটিভ মার্কিং থাকছে এক-চতুর্থাংশ। লিখিত পরীক্ষায় পাশ করলে প্রার্থীদের শারীরিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ফিজিক্যাল স্ট্যান্ডার্ড টেস্টে পাশ করার পর প্রার্থীদের ফিজিক্যাল এফিসিয়েন্সি টেস্টে অংশগ্রহণ করতে হবে। এই ধাপে পুরুষ প্রার্থীদের দৌড়তে প্রথমে ৫ কিমি ২৪ মিনিটে। পরে ১.৬ কিমি সাড়ে ৬ মিনিটে। মহিলা প্রার্থীদের প্রথমে ১.৬ কিমি দৌড়তে হবে সাড়ে ৮ মিনিটে এবং পরে ৮০০ মিটার দৌড়তে হবে ৪ মিনিটে। পুরুষ ও মহিলা প্রার্থীদের দৌড়ের দ্বিতীয় ধাপের অংশগুলো শুধুমাত্র লাদাখ এলাকার প্রার্থীদের জন্য নির্ধারিত। এই ধাপে উত্তীর্ণ হলে প্রার্থীদের মেডিক্যাল এক্সামিনেশন ও ডকুমেন্ট ভেরিফিকেশনে ডাকা হবে। পরীক্ষার তারিখ পরীবর্তীতে জানিয়ে দেওয়া হবে কমিশনেরে তরফে। এছাড়া বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

ইলেকট্রিক পাওয়ার কর্পোরেশনে ৯৪

১ পাতার পর

প্রশিক্ষণের স্থান : ১) *গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস* শাখায় শূন্যপদ ৪৪টি (ইলেকট্রিক্যাল ৭, মেকানিক্যাল ৬, সিভিল ১৩, ইলেকট্রনিক্স/মেকানিক্যাল ১৫ ও আইটি ৩)। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক পাশ করতে হবে। প্রার্থীদের প্রশিক্ষণ দেওয়া হবে নিম্নলিখিত স্থানে। যথা– ১) আগরতলা গ্যাস টার্বাইন কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট, রামচন্দ্রনগর, ত্রিপুরা-৭৯৯০০৮। ২) আসাম গ্যাস বেসড পাওয়ার প্ল্যান্ট, গোকুলনি, ডিস্ট্রিক্ট ডিব্রুগড়, আসাম-৭৮৬১৯১। ৩) কামেং হাইড্রো ইলেকট্রিক প্ল্যান্ট, কিমি, ওয়েস্ট কামেং স্ট্রীট, অরুণাচলপ্রদেশ-৭৯০১১৪। ৪) কোপিলি হাইড্রো ইলেকট্রিক প্ল্যান্ট, উমরঙ্গসো, ডিমা হাসাও, আসাম-৭৮৮৯৩১। ৫) পারে হাইড্রো ইলেকট্রিক প্ল্যান্ট, নর্থ-ইস্টার্ন ইলেকট্রিক পাওয়ার কর্পোরেশন লিমিটেড, দৈমুখ, পাপুম পারে ডিস্ট্রিক্ট, অরুণাচল প্রদেশ-৭৯১১১২। ৬) ত্রিপুরা গ্যাস বেসড কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট, মোনারচক, সোনামুরা, পোস্ট অফিসা ধানপুর, ত্রিপুরা-৭৯৯১৮১। **২)** *টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস* শাখায় শূন্যপদ ৫০টি (ইলেকট্রিক্যাল ৮, মেকানিক্যাল ৬, সিভিল ১১, ইলেকট্রনিক্স/মেকানিক্যাল ১৭ ও আইটি ৮)। স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক পাশ করতে হবে। প্রার্থীদের প্রশিক্ষণ দেওয়া হবে নিম্নলিখিত স্থানে। যথা– ১) নর্থ-ইস্টার্ন ইলেকট্রিক পাওয়ার কর্পোরেশন লিমিটেড, কর্পোরেট অফিসা, ব্রুকল্যান্ড কম্পাউন্ড, লোয়ার নিউ কলোনি, শিলং, মেঘালয়-৭৯৩০০৩। ২) আগরতলা গ্যাস টার্বাইন কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট, রামচন্দ্রনগর, ত্রিপুরা-৭৯৯০০৮। ৩) আসাম গ্যাস বেসড পাওয়ার প্ল্যান্ট, গোকুলনি, ডিস্ট্রিক্ট ডিব্রুগড়, আসাম-৭৮৬১৯১। ৪) দয়াং হাইড্রো ইলেকট্রিক প্ল্যান্ট, ওখা, নাগাল্যান্ড-৭৮৬৬২১। ৫) কামেং হাইড্রো ইলেকট্রিক প্ল্যান্ট, কিমি, ওয়েস্ট কামেং স্ট্রীট, অরুণাচলপ্রদেশ-৭৯০১১৪। ৬) কোপিলি হাইড্রো ইলেকট্রিক প্ল্যান্ট, উমরঙ্গসো, ডিমা হাসাও, আসাম-৭৮৮৯৩১। ৭) পারে হাইড্রো ইলেকট্রিক প্ল্যান্ট, নর্থ-ইস্টার্ন ইলেকট্রিক পাওয়ার কর্পোরেশন লিমিটেড, দৈমুখ, পাপুম পারে ডিস্ট্রিক্ট,

এরপর ৩ পাতায়

পোস্টাল সার্কেলে ২৩৫৭

১ পাতার পর

▶ **শিক্ষাগত যোগ্যতা :** প্রার্থীদের স্বীকৃত বোর্ড থেকে অঙ্ক, ইংরেজি এবং যে এলাকায় প্রার্থী আবেদন করছেন সেখানা স্থানীয় ভাষায় পাশ নম্বরসহ মাধ্যমিক উত্তীর্ণ হতে হবে। যেমন দার্জিলিং পোস্টাল ডিভিশনের জন্য স্থানীয় ভাষা নেপালি/বাংলা। তাই ওখানকার প্রার্থীদের নেপালি বা বাংলা– যেকোনো একটি ভাষায় মাধ্যমিক পাশ করে থাকতে হবে। এছাড়া অন্তত ৬০ দিনের মেয়াদে একটি বেসিক কম্পিউটার কোর্স করে থাকতে হবে। সাইকেল, মোটর সাইকেল চালানো জানতে হবে। ব্রাঞ্চ পোস্ট মাস্টার পদে আবেদন করলে সংশ্লিষ্ট পোস্টাল গ্রাম বা এলাকার জনবহুল অংশে নিজের বাড়ি/সরকারি নিবাস বা অফিস (যেমন সরকারি স্কুল)-এর ব্যবস্থা থাকতে হবে। ব্রাঞ্চ অফিস অন্তত ১০০ বর্গফুট হতে হবে। ব্রাঞ্চ অফিসে সেফটি, সিকিউরিটি, পাওয়ার সাপ্লাই থাকতে হবে।

▶ **বয়সসীমা :** ২০ জুলাই, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ১৮-৪০ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **নির্বাচন পদ্ধতি :** আবেদনপত্রের ভিত্তিতে প্রথমে প্রার্থীদের মাধ্যমিকে প্রাপ্ত নম্বর দেখা হবে। শিক্ষাগত যোগ্যতায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাতালিকা প্রস্তুত করা হবে ও সংশ্লিষ্ট ওয়েসাইটে তা আপলোড করে দেওয়া হবে।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ১৯ আগস্ট তারিখের মধ্যে প্রার্থীদের অনলাইনে আবেদন করতে হবে https://indiapost.gov.in অথবা, https://atpost.in/gdsonline ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ১০০ টাকা। প্রার্থীদের আবেদন ফি জমা করতে হবে যেকোনো স্বীকৃত হেড পোস্ট অফিসে গিয়ে। সমস্ত পোস্টঅফিসগুলির নাম https://atpost.in/gdsonline এই ওয়েবসাইটে গিয়ে দেখে নিতে হবে। একজন প্রার্থী একবার রেজিস্ট্রেশন করতে পারবেন। মাধ্যমিকের সার্টিফিকেট, জন্ম তারিখের প্রমাণপত্র (বার্থ সার্টিফিকেট), মাধ্যমিকের অ্যাডমিট কার্ড, প্রার্থীর পাসপোর্ট সাইজের ছবি, স্বাক্ষর ইত্যাদি নথি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবি ৫০ কেবি এবং স্বাক্ষর ২০ কেবি সাইজের মধ্যে হতে হবে। সারা দেশে সার্কেল অনুযায়ী একজন সর্বাধিক ২০টি পদে আবেদন করতে পারবেন। পোস্ট-১, পোস্ট-২ এইভাবে চিহ্নিত করে দিতে হবে আবেদন করার সময়। তবে একটি সার্কেলের জন্য একটি পোস্ট গৃহীত হবে। এসসি/এসটি/মহিলা ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের আবেদন ফি লাগবে না। এছাড়া বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইট দেখুন।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকা দপ্তর

- **Published by :** Avijit Kundu on behalf of owner GSCE Publications
- **Editor :** Mr. Haranath Das
- **Content Developer & Copy Editor :** Bidyabati Bhowmick
- **For Advt. Please Contact :** 9230056670
- **Page Layout & Graphics Design :** Lakshminarayan Pal
- **Published from :** 31A, S. P. Mukherjee Road, Kolkata-700025 (South 24 Pgs.)
- **Printed from :** Ananda Offset Pvt. Ltd., GN-39, Sector - V, Saltlake City, Kolkata - 700091
- **Phone :** 9230056670
- **E-mail :** gscepublications@gmail.com
- **Website :** www.gsceindia.org

এই পত্রিকায় প্রকাশিত কোনো তথ্যে কোনোরকম ভুল বা অসংগতি থাকলে তা সম্পূর্ণ অনিচ্ছাকৃত।

জর্জ টেলিগ্রাফের জিএসসিই পাবলিকেশনস থেকে নিয়মিত প্রকাশিত হচ্ছে সাপ্তাহিক ট্যাবলয়েড 'শিক্ষা চাকরি ও খেলা'। ডিস্ট্রিবিউটর ও নিউজ পেপার এজেন্টগণ এই সাপ্তাহিক ট্যাবলয়েডটি নিয়মিত পেতে ও যেকোনো ব্যবসায়িক যোগাযোগের জন্য নীচের নম্বরে যোগাযোগ করুন।

মোবাইল : 9830277300

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকার পাঠকদের উদ্দেশ্যে সতর্কীকরণ

'শিক্ষা চাকরি ও খেলা' একটি নিরপেক্ষ পত্রিকা। এখানে দেখা কোনো বিজ্ঞাপন দেখে কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে অবশ্যই ওই সংস্থা সম্পর্কে বিস্তারিত খোঁজ খবর করে নেবেন। বিজ্ঞাপনে উল্লিখিত কোনো তথ্যে কোনোরূপ ভুল থাকলে বা কোনো তথ্য বিকৃত থাকলে তার দায় সম্পূর্ণভাবে ওই বিজ্ঞাপনদাতার।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকায় বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন

Ph : 9230056670 • E-mail : gscesdh@gmail.com

বিঃ দ্রঃ : বিজ্ঞাপন সম্পর্কিত সমস্ত ধরনের লেনদেন 'GSCE Publications' এর অনুকূলে কেবলমাত্র চেক/ড্রাফটের মাধ্যমে গ্রহণ করা হবে। কোনোরূপ ক্যাশ লেনদেন গ্রাহ্য করা হবে না। বিজ্ঞাপনদাতার লিখিত অনুমতি বা রিলিজ অর্ডার ছাড়া কোনো বিজ্ঞাপন প্রকাশিত হবে না।

সশস্ত্র সীমা বলে ১১৫ কনস্টেবল

১ পাতার পর

থেকে ৮১,১০০ টাকা।

▶ **বয়সসীমা :** ২২ আগস্ট, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ১৮-২৫ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** স্বীকৃত বোর্ড থেকে যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে ইংরেজিতে কম্পিউটারে টাইপিং স্পিড থাকতে হবে ৩৫টি শব্দ প্রতি মিনিটে অথবা হিন্দিতে ৩০টি শব্দ প্রতি মিনিটে। প্রার্থী বাছাই হবে ফিজিক্যাল টেস্ট, লিখিত পরীক্ষা, স্কিল/টাইপিং টেস্টের মাধ্যমে। পুরুষ প্রার্থীদের ন্যূনতম শারীরিক উচ্চতা হতে হবে ১৬৫ সেমি ও মহিলা প্রার্থীদের ১৫০ সেমি। পুরুষদের বুকের ছাতি হতে হবে ন্যূনতম ৭৭ সেমি এবং ফুলিয়ে ৮২ সেমি। ফিজিক্যাল এফিসিয়েন্সি টেস্টে পুরুষ প্রার্থীদের ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিমি দৌড়তে হবে এবং মহিলাদের ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়তে হবে। এই ধাপে উত্তীর্ণ হলে প্রার্থীদের কমন এন্ট্রান্স টেস্ট বা লিখিত পরীক্ষায় বসতে হবে। এই পরীক্ষাটি ২ ঘণ্টা সময়ে ১০০ নম্বরে ১০০টি অবজেক্টিভ টাইপের প্রশ্নে অনুষ্ঠিত হবে। জেনারেল নলেজ, ম্যাথমেটিক্স, রিজনিং ও জেনারেল ইংলিশ/হিন্দি থেকে প্রশ্ন থাকবে। কোয়ালিফাইং মার্কস ৫০ শতাংশ। এসসি/এসটিরা ৪৫ শতাংশ নম্বর পেলেই পাশ করবেন। এরপর তাদের স্কিল টেস্ট/টাইপিং টেস্টে ডাকা হবে। এই ধাপে উত্তীর্ণ হলে ডকুমেন্ট ভেরিফিকেশন ও মেডিক্যাল পরীক্ষায় পাশ করতে হবে।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ২২ আগস্ট তারিখের মধ্যে প্রার্থীদের অনলাইনে আবেদন করতে হবে www.ssbrectt.gov.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ১০০ টাকা। এসসি/এসটি/মহিলা ও প্রাক্তন সমরকর্মী প্রার্থীদের আবেদন ফি লাগবে না। এছাড়া বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

নৌবাহিনীতে ৩৩ অবিবাহিত পুরুষ

১ পাতার পর

টেস্টে পাশ করার ভিত্তিতে। ফিজিক্যাল ফিটনেস টেস্টে ৭ মিনিটে ১.৬ কিমি দৌড়তে হবে। ২০টি ওঠবোস দিতে হবে এবং ১০টি পুশআপ। ন্যূনতম শারীরিক উচ্চতা হতে হবে ১৫৭ সেমি। বুকের ছাতি শারীরিক উচ্চতা অনুযায়ী মানানসই হবে হবে। কোনো শারীরিক প্রতিবন্ধকতা থাকা চলবে না। দৃষ্টিশক্তি হতে হবে খালি চোখে ৬/৬ (ভালো ও খারাপ চোখে) এবং চশমা পরা অবস্থায় ভালো চোখে ৬/৯ এবং খারাপ চোখে ৬/২৪। এরপর মেডিক্যাল পরীক্ষায় পাশ করলে চূড়ান্ত বাছাই প্রার্থীদের প্রশিক্ষণ শুরু হবে এবছর অক্টোবর মাস নাগাদ। প্রথমে ১৫ সপ্তাহের বেসিক ট্রেনিং হবে ওড়িশার চিল্কা ইন্ডিয়ান ন্যাভাল শিপে। এখানে প্রশিক্ষণ শেষ হলে মুম্বাইতে হবে ২৬ সপ্তাহের স্টেশাল ট্রেনিং (মিলিটারি মিউজিকে)। আবেদন করতে হবে ৬ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে www.joinindian navy.gov.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ৬০ টাকা প্লাস জিএসটি। এছাড়াও বিস্তারিত জানতে সংশ্লিষ্ট ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

ইলেকট্রিক পাওয়ার কর্পোরেশনে ৯৪

২ পাতার পর

অরুণাচল প্রদেশ-৭৯১১১২। ৮) রঙ্গোনদী হাইড্রো ইলেকট্রিক প্ল্যান্ট, নর্থ-ইস্টার্ন ইলেকট্রিক পাওয়ার কর্পোরেশন লিমিটেড, ইয়াজালি (৪৩ কিমি), লোয়ার সুবনসিরি ডিস্ট্রিক্ট, অরুণাচল প্রদেশ-৭৯১১১৯। ৯) ত্রিপুরা গ্যাস বেসড কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট, মোনারচক, সোনামুরা, পোস্ট অফিসা ধানপুর, ত্রিপুরা-৭৯৯১৮১।

▶ **বয়সসীমা :** ৩১ জুলাই, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ১৮-২৮ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** প্রার্থীদের প্রথমে www.mhrdnats.gov.in ওয়েবসাইটে গিয়ে নাম রেজিস্টার্ড করতে হবে। এরপর প্রার্থীদের আবেদন করতে হবে www.neepco.co.in ওয়েবসাইটে গিয়ে। সেখানে গিয়ে প্রার্থীদের কোনো একটি পাওয়ার প্ল্যান্টকে বাছাই করতে হবে যেখানে প্রার্থী প্রশিক্ষণ পেতে ইচ্ছুক। সম্পূর্ণ আবেদনপত্র ফিল-আপ করার পর আবেদনপত্রটি ডাউনলোড করে সেটি ইমেল করে পাঠিয়ে দিতে হবে neepco.apprentices20@gmail.com এই ইমেল আইডিতে। প্রার্থীর সমস্ত শিক্ষাগত যোগ্যতা, বয়সের প্রমাণপত্র, কাস্ট সার্টিফিকেট (যদি থাকে) ইত্যাদির স্বপ্রত্যয়িত ফটোকপি পিডিএফ ফর্ম্যাটে সংশ্লিষ্ট আবেদনপত্রের সঙ্গে অ্যাটাচ করে পাঠিয়ে দিতে হবে। সমস্ত প্রক্রিয়াটি সম্পূর্ণ করতে হবে ২০ আগস্ট তারিখের মধ্যে। ইমেল করে পাঠাতে হবে ১০ সেপ্টেম্বর তারিখের মধ্যে। প্রার্থীদের বাছাই করা হবে আবেদনপত্রে বর্ণিত শিক্ষাগত যোগ্যতায় তাদের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। প্রার্থীদের অবশ্যই ২০১৮ সালের ৩০ নভেম্বরের পরে সংশ্লিষ্ট শিক্ষাগত যোগ্যতায় পাশ করতে হবে। এছাড়া বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

কারেন্ট অ্যাফেয়ার্স

৮ পাতার পর

পণ্য রয়েছে এই তালিকায়।

❑ **দুই ব্যাঙ্কের মুনাফা বাড়ল :** এপ্রিল-জুন ত্রৈমাসিকে আইসিআইসিআই ব্যাঙ্কের পুঞ্জীভূত নিট মুনাফার অঙ্ক দাঁড়িয়েছে ৪৭৪৭.৪২ কোটি টাকা। যা গত বছরের তুলনায় ৫২% বেশি। শুধু ব্যাঙ্কের ব্যবসা থেকে মুনাফার পরিমাণ ৪৬১৬.০২ কোটি। অনুৎপাদক সম্পদ (এনপিএ) খাতে সংস্থান ৭৫৯৪ কোটি টাকা থেকে কমে ২৮৫২ কোটি টাকা হয়েছে। অন্যদিকে এই বছরের প্রথম ত্রৈমাসিকে ইন্ডিয়ান ব্যাঙ্কের নিট মুনাফা আগের বছরের ওই সময়ের থেকে বেড়েছে ২২০%, এখন দাঁড়িয়েছে ১১৮২ কোটি টাকা। ঋণের সাপেক্ষে নিট অনুৎপাদক সম্পদের (এনপিএ) হার অবশ্য কমে দাঁড়িয়েছে ৩.৭৬%।

❑ **ভারতে বাড়ল বিদেশি মুদ্রার ভাণ্ডার :** ১৬ জুলাই শেষ হওয়া সপ্তাহে ভারতের বিদেশি মুদ্রা ভাণ্ডার ৮৩.৫ কোটি ডলার বেড়েছে। রিজার্ভ ব্যাঙ্কের তথ্য অনুযায়ী, তা হয়েছে ৬১,২৭৩ কোটি ডলার। যা নতুন সর্বকালীন রেকর্ড। তার আগের সপ্তাহে ওই ভাণ্ডার ১৮৮.৩ কোটি ডলার বেড়েছিল।

❑ **রিলায়েন্সের মুনাফা কমল :** খরচ বাড়ার হাত ধরে এপ্রিল-জুন ত্রৈমাসিকে ৭% মুনাফা কমল রিলায়েন্স ইন্ডাস্ট্রিজের। মুকেশ আম্বানির সংস্থাটির সামগ্রিক নিট মুনাফা দাঁড়িয়েছে ১২,২৭৩ কোটি টাকা। এই তিন মাসে খরচ হয়েছে ১.৩১ লক্ষ কোটি। কর খাতে গিয়েছে ৩৪৬৪ কোটি টাকা।

এয়ারফোর্সে ৮৫

১ পাতার পর

(অসংরক্ষিত), স্টোর কিপার ২টি (অসংরক্ষিত ১, এসসি ১), সুপারিন্টেন্ডেন্ট (স্টোর) শাখায় ১৫টি (অসংরক্ষিত ৬, ওবিসি ৪, এসসি ২, এসটি ১, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২ ও প্রাক্তন সমরকর্মী ৩)। সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার শাখায় ৩টি (অসংরক্ষিত ১, ওবিসি ১, এসসি ১)। কুক শাখায় ৩টি (অসংরক্ষিত ১, ওবিসি ১, এসসি ১)। কার্পেন্টার শাখায় শূন্যপদ ২টি (অসংরক্ষিত ১, ওবিসি ১)। হাউসকিপিং স্টাফ শাখায় শূন্যপদ ৬টি (অসংরক্ষিত ৩, ওবিসি ২, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। মেস স্টাফ শাখায় শূন্যপদ ৬টি (অসংরক্ষিত ৩, ওবিসি ২, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। মাল্টি টাস্কিং স্টাফ শাখায় শূন্যপদ ৬টি (অসংরক্ষিত ৩, ওবিসি ১, এসটি ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। *২) ঠিকানা :* The Presiding Officer, Civilian Recruitment Board (Scrutiny of Application), এয়ারপোর্ট রেকর্ড অফিস, সুব্রতো পার্ক, নতুন দিল্লি-১১০০১০। হিন্দি টাইপিস্ট শাখায় ১টি (ওবিসি), মাল্টি টাস্কিং স্টাফ শাখায় ৪টি (এসসি ২, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২)। হাউস কিপিং স্টাফ শাখায় শূন্যপদ ৪টি (অসংরক্ষিত ২, ওবিসি ১, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। *৩) ঠিকানা :* Air Officer Commanding, Air Force, Central Accounts Office, Subroto Park, New Delhi-110010। এলডিসিতে শূন্য ৯টি (অসংরক্ষিত ৪, ওবিসি ২, এসসি ১, এসটি ১ আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। মাল্টি টাস্কিং স্টাফ শাখায় শূন্যপদ ১টি (আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি)। হাউস কিপিং স্টাফ শাখায় শূন্যপদ ৪টি (অসংরক্ষিত ৩ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। *৪) ঠিকানা :* Air Officer Commanding, Air Force, Central Medical Establishment, Subroto Park,New Delhi-110010। কুক শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। মেস স্টাফ শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। মাল্টি টাস্কিং স্টাফ শাখায় শূন্যপদ ১টি (আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি)। *৫) ঠিকানা :* Air Officer Commanding, DSDO, AF Subroto Park, New Delhi-110010। কুক শাখায় শূন্যপদ ১টি (ওবিসি)। মাল্টি টাস্কিং স্টাফ শাখায় শূন্যপদ ১টি (ওবিসি)। মেস স্টাফ ১টি (অসংরক্ষিত)। বাকি ঠিকানাগুলির শূন্যপদ সম্পর্কে জানতে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নেবেন।

▶ **বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা :** ২৩ আগস্ট, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স হতে হবে ১৮-২৫ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সের ছাড় পাবেন। লোয়ার ডিভিশন ক্লার্ক, হিন্দি টাইপিস্ট শাখায় আবেদনের জন্য যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে ইংরেজি/হিন্দিতে যথেষ্ট টাইপিং দক্ষতা থাকতে হবে। সুপারিন্টেন্ডেন্ট (স্টোর) শাখায় আবেদনের জন্য যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে স্টোর হ্যান্ডলিং এবং অ্যাকাউন্টসের কাজে অভিজ্ঞতা আবশ্যক। স্টোরকিপার শাখায় আবেদনের জন্য যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে স্টোর হ্যান্ডলিং এবং অ্যাকাউন্টসের কাজে অভিজ্ঞতা আবশ্যক। সিভিলিয়ান মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে বৈধ সিভিল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে হাল্কা ও ভারি যান চালানোর ক্ষেত্রে। মোটর মেকানিজমে নলেজসহ অন্তত ২ বছর ড্রাইভিংয়ের অভিজ্ঞতা থাকতে হবে। কুক শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে ক্যাটারিংয়ে ডিপ্লোমা পাশ করতে হবে এবং ১ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। পেন্টার ও কার্পেন্টার শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট কাজে আইটিআই সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। হাউসকিপিং স্টাফ শাখায় মাধ্যমিক পাশ করলে আবেদন করা যাবে। মেস স্টাফ এবং মাল্টি টাস্কিং স্টাফ শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে সংশ্লিষ্ট কাজে এক বছরের অভিজ্ঞতা আবশ্যক। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষায় পাশ করলে প্র্যাকটিক্যাল/ফিজিক্যাল/স্কিল টেস্টে পাশ করতে হবে। এরপর চূড়ান্ত বাছাই প্রার্থীদের নামের তালিকা প্রকাশ করা হবে www.indianairforce.nic.in ওয়েবসাইটে। আবেদনপত্রের সঙ্গে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত ফটোকপি এবং পাসপোর্ট সাইজের ফটোগ্রাফের স্বপ্রত্যয়িত কপিসহ পাঠিয়ে দিতে হবে সংশ্লিষ্ট ঠিকানায়। সঙ্গে একটি খালি খাম পাঠাতে হবে প্রার্থীর নিজের ঠিকানা লিখে এবং ১০ টাকার পোস্টাল স্ট্যাম্প সমেত। বিশদ জানতে উপরিউক্ত ওয়েবসাইটি দেখুন।

জিএসসিই পাবলিকেশনস থেকে সদ্য প্রকাশিত



₹ 400



₹ 100



₹ 230

₹ 100

₹ 40

₹ 35

₹ 5

জিএসসিই পাবলিকেশনস থেকে প্রকাশিত সমস্ত বই ও ম্যাগাজিনগুলি পশ্চিমবঙ্গের সর্বত্র পাওয়া যাচ্ছে। বইগুলি আপনার নিকটবর্তী বুকস্টলে না পেলে যে কোনো জিএসসিই'র সেন্টার থেকে সংগ্রহ করুন।

অনলাইনে সংগ্রহ করতে এই ওয়েব লিঙ্ক অ্যাক্সেস করুন— www.ehubs.in
যোগাযোগ – 9874273000

সাফল্যলাভে জিজ্ঞাসা

নিয়মিত দেওয়া হচ্ছে আমাদের বিশেষ বিভাগ 'সাফল্যলাভে জিজ্ঞাসা'। শুধুমাত্র চাকরির পরীক্ষার খোঁজখবর নয়, চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, সরকারি চাকরির নানা ধরনের কোর্স ও ট্রেনিং, প্রয়োজনীয় ওয়েবসাইট– এমন বিবিধ প্রশ্নের সঠিক তথ্যের ডালি নিয়ে সাজানো এই বিভাগ। সমস্ত তথ্যের উত্তর দিচ্ছেন GSCE-র বিভাগীয় বিশেষজ্ঞগণ।

ভূগোল নিয়ে কেরিয়ার

◆ ভূগোলে অনার্স নিয়ে পড়ার পর কি নিয়ে পড়লে কোনো জব পাওয়া যায়? আর কোন কোন কোর্স করলে কি কি ধরনের চাকরি পাওয়া যায় যদি বলেন? ভূগোলে এমএসসি করলে কি কি চাকরি পাওয়া যায় সেটাও জানাবেন।

পথিক সর্দার, গোবিন্দপুর, গোলাহাট, দঃ ২৪-পরগনা

☞ ভূগোল নিয়ে পড়ে চাকরির ক্ষেত্রে কি কি সুবিধা পাওয়া যায় তা পয়েন্ট অনুযায় জানানো হল– ***১) শিক্ষক হিসেবে :*** ভূগোল নিয়ে স্নাতকস্তরে ৫০ শতাংশ নম্বর নিয়ে উত্তীর্ণ হলে বিএড কোর্স সম্পাদন করলে সম্মানের সঙ্গে শিক্ষকতার চাকরি করতে পারেন। এই সুযোগ আমাদের রাজ্যে বা ভিন রাজ্যেও রয়েছে। এর সঙ্গে এমএ, এমফিল বা পিএইচডি ইত্যাদি যোগ্যতা থাকলে কেন্দ্রীয় সংস্থার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা করারও সুযোগ পাবেন। ***২) প্রশাসক হিসাবে :*** রাজ্য ও কেন্দ্রীয় স্তরের প্রশাসনিক বিভাগে নিয়োগ সংক্রান্ত পরীক্ষায় ভূগোলের বর্তমান গুরুত্ব অভূতপূর্ব। ডব্লুবিসিএস, আইএএস প্রভৃতি পরীক্ষার মাধ্যমে প্রশাসনিক ক্ষেত্রে বিভিন্ন স্তরে ভূগোল নিয়ে পড়া একজন প্রার্থীকে অফিসার হিসাবে নিয়োগ করা হয়। তবে সংশ্লিষ্ট এই দুটি পরীক্ষার জন্য শুধুমাত্র স্নাতক পাশ করলে আবেদন করা যাবে কিন্তু পরীক্ষায় পাশ করার জন্য প্রতিযোগিতামূলক স্তরে পড়াশোনা করতে হবে। ***৩) নগর পরিকল্পনাকারিক হিসাবে :*** ভূগোলে স্নাতকোত্তর পাশ একজন পরীক্ষার্থী আইআইটি খড়গপুর, দিল্লি টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং ইনস্টিটিউট ইত্যাদি প্রতিষ্ঠান থেকে 'মাস্টার অফ টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিংয়ে সার্টিফিকেট কোর্স পাশ করে নগর পরিকল্পনাকারী হিসাবে তাদের ভবিষ্যৎ গড়তে পারেন। এই কোর্সের ক্ষেত্রে ভূগোলের শিক্ষার্থীদের বিশেষ ছাড় দেওয়া হয়। এজন্য প্রবেশিকা পরীক্ষাও নেওয়া হয়ে থাকে। নিম্নলিখিত শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে এই কোর্সটি পড়ানো হয়ে থাকে। যেমন– ক) বিড়লা ইনস্টিটিউট অফ টেকনোলজি (রাঁচি)। কোর্স পড়ানো হয়– বিই (আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিং), বিআর্ক, মাস্টার অফ প্ল্যানিং (ট্রান্সপোর্ট প্ল্যানিং)। খ) মৌলানা আজাদ ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেকনোলজি, ভোপাল। কোর্স পড়ানো হয়– বিআর্ক, বিটেক (আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিং), ব্যাচেলার অফ প্ল্যানিং ইত্যাদি। গ) স্কুল অফ প্ল্যানিং অ্যান্ড আর্কিটেকচার, দিল্লি। এখানে আর্বান প্ল্যানিং, আর্বান ডিজাইন এবং ট্রান্সপোর্ট প্ল্যানিং শাখায় পিএইচডি করানো হয়। আপনার এমএসসি করা থাকলে এখানে পিএইচডি-র জন্য আবেদন করতে পারেন। ঘ) যশোবন্ত রাও চৌহান মহারাষ্ট্র ওপেন ইউনিভার্সিটি (নাসিক)। এখানে পড়ানো হয় এমআর্ক (আর্কিটেকচারাল ডিজাইন, এনভায়রনমেন্টাল আর্কিটেকচার), বিআর্ক। ***৪) সার্ভেয়র হিসাবে :*** একজন ভূগোল শিক্ষার্থী যিনি সরকারি/বেসরকারি, মাল্টি ন্যাশনাল কোম্পানিতে সার্ভেয়র হিসাবে কেরিয়ান গড়ে তুলতে পারেন। তার জন্য স্নাতক পাশের পরে ডিপ্লোমা ইন সার্ভে ইঞ্জিনিয়ারিং পড়তে হবে। রাজ্যের যে যে শিক্ষা প্রতিষ্ঠানে এগুলি পড়ানো হয় তার মধ্যে কয়েকটি হল– ক) এলিট ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, ঘোলা, মহিষকোটা। খ) শান্তিনিকেতন ইনস্টিটিউট অফ পলিটেকনিক, বোলপুর, বীরভূম। গ) ওয়েস্ট বেঙ্গল সার্ভে ইনস্টিটিউট, ব্যান্ডেল, হুগলি। ***৫) মানচিত্রকার হিসাবে :*** কার্টোগ্রাফার হিসেবে বর্তমানে চাকরির চাহিদা তুঙ্গে। 'জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া', 'NATMO' সংস্থাদুটি প্রচুর কার্টোগ্রাফার নিয়োগ করে। এছাড়া জেলাস্তরে এমনকি ব্লক স্তরেও কার্টোগ্রাফার বা মানচিত্র অঙ্কনবিদ নিয়োগ করা হয়। ***৬) কম্পিউটার কার্টোগ্রাফার হিসাবে :*** ভূগোলের জিআইএস, আরএস ইত্যাদি কম্পিউটারভিত্তিক উপগ্রহপ্রেরিত চিত্র বিশ্লেষণ অঙ্কন করার জন্য কম্পিউটার কার্টোগ্রাফার নিয়োগ করা হয়। তারজন্য স্নাতক পাশ করার পর প্রয়োজনীয় শিক্ষা প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট শাখায় এমএসসি, বিটেক ইত্যাদি কোর্স পাশ করতে হবে। এছাড়া একজন ট্রাভেল গাইড, গবেষক, জনসংখ্যা বিশারদ (ডেমোগ্রাফার), জিওলজিস্ট ইত্যাদি কাজেও প্রচুর সংখ্যক নিয়োগ হয়ে থাকে প্রত্যেক বছর। এখানে স্থানের অভাবে এরথেকে বেশি বলা গেল না। আপনি অন্যান্য জায়গাতে বিশদে খোঁজ নিতে পারেন।

রুরাল লাইব্রেরি

◆ ডিস্ট্রিক্ট লাইব্রেরি অফিসে রুরাল লাইব্রেরি রিক্রুটমেন্টে কোনো খবর আছে?

প্রণব ঘোষ

☞ সম্প্রতি ১৯ জুলাই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জানিয়েছিলেন, প্রায় ৭৩৮টি শূন্যপদে গ্রামীণ গ্রন্থাগারের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করবে রাজ্য সরকার। তিনি জানান, আগস্ট মাসের শেষের দিকে এই সংক্রান্ত বিজ্ঞপ্তি দেওয়া হবে সংশ্লিষ্ট দপ্তরের পক্ষ থেকে। রুরাল লাইব্রেরি রিক্রুটমেন্ট প্রধানত দেখবে রাজ্যের মাস এডুকেশন এক্সটেনশন অ্যান্ড লাইব্রেরি সার্ভিস দপ্তর। দপ্তরের প্রধান জানিয়েছেন, প্রায় ৪ হাজারের কাছাকাছি শূন্যপদ রয়েছে তাঁর দপ্তরে। তার মধ্যে শুধুমাত্র ৭৩৮টি শূন্যপদই রয়েছে গ্রামীণ গ্রন্থাগারের জন্য। নিয়োগ প্রক্রিয়াকে স্বচ্ছ রাখতে সমস্ত জেলায় লোকাল লাইব্রেরি অথরিটি কমিটি গঠন করা হবে। এছাড়া তিনি বলেন, অর্থ দপ্তরের অনুমোদন পেলেই এই নিয়োগ প্রক্রিয়া চালু হবে।

সেন্ট্রাল ড্রাগ রিসার্চ ইনস্টিটিউট

◆ সেন্ট্রাল ড্রাগ রিসার্চ ইনস্টিটিউট উচ্চমাধ্যমিক যোগ্যতায় কোনো পদে নিয়োগ করছে? বিস্তারিত জানতে চাই।

শ্রীজিতা কর্মকার, বারাসাত

☞ কাউন্সিল অফ সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ-এর অধীনস্থ লক্ষ্ণৌতে অবস্থিত সেন্ট্রাল ড্রাগ রিসার্চ ইনস্টিটিউট জুনিয়ার সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট এবং জুনিয়র স্টেনোগ্রাফার পদে ১৬ জনকে নিয়োগ করতে চলেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : 06/2021। জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট শাখায় ১৪টি এবং জুনিয়র স্টেনোগ্রাফার শাখায় ২টি শূন্যপদ সংরক্ষিত। আবেদন করার জন্য স্বীকৃত বোর্ড থেকে উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে কম্পিউটারে যথেষ্ট টাইপিং স্পিড থাকতে হবে। এই শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্ট পদের জেনারেল এবং স্টোর অ্যান্ড পার্চেজ শাখার জন্য প্রয়োজন। ফিন্যান্স অ্যান্ড অ্যাকাউন্টিং শাখায় আবেদনের জন্য অ্যাকাউন্ট্যান্সি নিয়ে উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে কম্পিউটারে যথেষ্ট টাইপিং স্পিড থাকতে হবে। বয়সসীমা ২৮ বছর। জুনিয়র স্টেনোগ্রাফার (ইংলিশ/হিন্দি) শাখায় আবেদনের জন্য উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে ইংরেজি/হিন্দি ভাষায় টাইপিং স্পিড থাকতে হবে কম্পিউটারে এবং স্টেনোগ্রাফি জানতে হবে। বয়সসীমা ২৭ বছর। উপরিউক্ত সমস্ত পদের শিক্ষাগত যোগ্যতা ও বয়সসীমা ৩০ আগস্ট, ২০২১ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। আবেদন করতে হবে ৩০ আগস্ট বিকেল ৫টার মধ্যে www.cdri.res.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ১০০ টাকা। এসসি/এসটি/শারীরিক প্রতিবন্ধী/মহিলা/রূপান্তরকামী ও প্রাক্তন সমরকর্মীদের আবেদন ফি লাগবে না। ১৫ সেপ্টেম্বর বিকেল ৫টার মধ্যে আবেদনপত্রের প্রিন্ট আউট কপি সংগ্রহ করে নিতে হবে। কারণ তারপরে আর আবেদনপত্রের কপি পাওয়া যাবে না। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা এবং স্কিল টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষাটি ২০০ নম্বরে ২টি পেপারে অনুষ্ঠিত হবে। উভয় পেপারেই অবজেক্টিভ টাইপের প্রশ্ন থাকবে। প্রথম পেপারে মেন্টাল এবিলিটি টেস্ট হবে ১০০টি প্রশ্নে। কোনো নেগেটিভ মার্কিং নেই। সময় ৯০ মিনিট। দ্বিতীয় পেপারে ১ ঘণ্টা সময়ে জেনারেল অ্যাওয়ারনেস থেকে ৫০টি প্রশ্ন এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ থেকে ৫০টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি ভুল উত্তরে ১ নম্বর কাটা যাবে। এই পেপারে ৩০০ নম্বরের পরীক্ষা হবে। এছাড়া বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নেবেন।

চাকরির পরীক্ষার বিজ্ঞপ্তি, পরীক্ষার তারিখ, ফল প্রকাশ ইত্যাদি চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, নানা ধরনের কোর্স ও ট্রেনিং সম্পর্কিত কোনও প্রশ্ন থাকলে নিজের নাম, ঠিকানা, ফোন নম্বর ও ইমেল আইডি দিয়ে প্রশ্নপত্র পাঠাতে পারেন। পাঠাবেন এই ইমেল আইডিতে। **Email : sckmatter@gmail.com** অনুগ্রহ করে একাধিক প্রশ্ন পাঠাবেন না। আগে আসার ভিত্তিতে ধারাবাহিকভাবে উত্তর ছাপানো হবে। কোনো বিতর্কিত প্রশ্নের উত্তর দেওয়া হবে না।

ব্রডকাস্টে ৯৯

১ পাতার পর

আবেদন ফি ৪৫০ টাকা।

▸ **শূন্যপদ, বয়সসীমা, শিক্ষাগত যোগ্যতা ও বেতনক্রম : ১) *হ্যান্ডিম্যান/লোডার*–** এই শাখায় আনস্কিলড ক্যাটেগরিতে নিয়োগ করা হবে। শূন্যপদ ৭৫টি। এর মধ্যে ভোপালে ১৫টি, শ্রীনগরে ২২, জম্মুতে ৫, লাদাখে ৪, সুরাটে ২৮টি ও পুণেতে ১টি শূন্যপদ সংরক্ষিত। বয়সসীমা ৪৫ বছর। অষ্টম শ্রেণি পাশের সঙ্গে স্থানীয় ভাষা এবং হিন্দি ও ইংরেজি লিখতে পড়তে ও বলতে জানতে হবে। অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে কার্গো হ্যান্ডেলিংয়ে। বেতনক্রম ১৪,০১৪ টাকা। শুধুমাত্র পুণে কেন্দ্রের জন্য প্রার্থীদের বেতন দেওয়া হবে ১৬,৭৭০ টাকা। ***২) সুপারভাইজার–*** এই শাখায় প্রার্থীদের স্কিলড ক্যাটেগরিতে নিয়োগ করা হবে। শূন্যপদ ২১টি। এর মধ্যে ভোপালে ৫টি, শ্রীনগরে ৫, জম্মুতে ১, লাদাখে ১, সুরাটে ৮টি ও পুণেতে ১টি শূন্যপদ সংরক্ষিত। বয়সসীমা ৩০ বছর। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে বেসিক কম্পিউটার নলেজ থাকতে হবে এবং অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে কার্গো ইন্ডাস্ট্রিতে। বেতনক্রম ১৮,৫৬৪ টাকা। শুধুমাত্র পুণে কেন্দ্রের জন্য প্রার্থীদের বেতন দেওয়া হবে ২০,৩৮৪ টাকা। ***৩) সিনিয়র সুপারভাইজার–*** এই শাখায় প্রার্থীদের হাইলি স্কিলড ক্যাটেগরিতে নিয়োগ করা হবে। শূন্যপদ ৩টি। এর মধ্যে ভোপালে ১টি, শ্রীনগরে ১ এবং সুরাটে ১টি শূন্যপদ সংরক্ষিত। বয়সসীমা ৩৫ বছর। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে বেসিক কম্পিউটার নলেজ থাকতে হবে এবং অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে কার্গো ইন্ডাস্ট্রিতে। বেতনক্রম ২০,৩৮৪ টাকা। উপরিউক্ত সমস্ত পদের বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা ৮ আগস্ট, ২০২১ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। অনলাইনে আবেদনপত্রটি পূরণ করার পর সেটির একটি প্রিন্ট কপি অবশ্যই নিজের কাছে রেখে দিতে হবে। এছাড়া আরও বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

GSCE Publications থেকে প্রকাশিত হল

পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশ কনস্টেবল অ্যাচিভার্স স্পেশাল সংখ্যা

ACHIEVERS Collectors' Handbook of Infotainment

- বিষয়ভিত্তিক তথ্য সংকলন
- ব্যাখ্যাসহ প্র্যাকটিস সেট
- পশ্চিমবঙ্গ পুলিশ এবং কলকাতা পুলিশের বিগত বছরের পরীক্ষার প্রশ্নোত্তর

₹200

পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশ কনস্টেবল পরীক্ষার অপরিহার্য সংখ্যা

Dates of Upcoming Examinations

Examination Name	Date	Website
BANK EXAM		
IBPS Clerk-XI (Preli Exam) 2021	28-29.08.2021 04-05.09.2021	www.ibps.in
IBPS Clerk-XI (Mains Exam) 2021	31.10.2021	
IBPS PO / MT (Preli Exam) 2021	9,10,16,17.10.2021	
IBPS PO / MT (Mains Exam) 2021	27.11.2021	
RRB Office Asst., Officer Scale-I (X) Preli Exam	1,7,8,14,21.08.2021	
RRB Office Asst. (X) Mains Exam	03.10.2021	
RRB Officer Scale-I, II Mains Exam	25.09.2021	
UPSC (Union Public Service Commission)		
Indian Forest Service (Preli) Exam-2021	27.06.2021	www.upsc.gov.in
Indian Forest Service (Mains) Exam-2021	21.11.2021	
Civil Services (Preli) Exam-2021	27.06.2021	
Civil Services (Mains) Exam-2021	17.09.2021	
CDS Exam-II 2021	14.11.2021	
NDA & NA Exam-II 2021	05.09.2021	
CAPF (ACs) Exam 2021	08.08.2021	
Engineering Service Preli Exam 2021	18.07.2021	
IES / ISS Exam 2021	16.07.2021	
Staff Selection Commission		
MTS Tier-I Exam 2021	01-20.07.2021	www.ssc.nic.in
MTS Tier-II Exam 2021	21.11.2021	
SSC GD Constable, 2020	02-25.08.2021	
Delhi Police SI (Paper-II) 2020	12.07.2021	
West Bengal & All India Various Exams' Date		
WBCS Preliminary 2021 Exam	22.08.2021	www.wbpsc.gov.in
WBCS 2020 Mains Exam	27-29, 31.08.2021	
PSC ICDS Supervisor (Mains)	12-13.12.2021	
PSC Audit & Accounts Service 2020 Preli	13.06.2021 (Postponed)	

West Bengal and All India Various Exams' Result	
IBPS Clerk-X Main Exam Result	www.ibps.in
IBPS PO / MT-IX Provisional Allotment under Reserve List	
IBPS Clerk-IX Provisional Allotment under Reserve List	
IBPS PO / MT-X Mains Result	
IBPS Clerk-X Mains Result	
IBPS RRB-IX (Office Assistant) Mains Result	
WB Police Constable (Male) Final Exam Result	www.wbpolice.gov.in
WB Police Excise Constable Prelims Result, 2019	
WB Police SI 2019 Prelims Result	
WB Police SI & ISI Final Result	

The results of the following examinations have been published. For more details browse the respective websites.

Examination	Website
UPSC (Union Public Service Commission)	
UPSC CDS-II 2020 Result	www.upsc.gov.in
Joint Asst. Director (Advt. 13/2019) Result	
Deputy Central Intelligence Officer (Advt. 18 / 2019) Result	
Asst. Legal Advisor (Advt. 10 / 2019) Result	
Company Prosecutor (Advt. 06 / 2019) Result	
CAPF (ACS) Exam 2018 Reserve List	
CDS (1) 2020 Result	
IES Exam 2019 Final Result	
Engineering Services 2020 (Prelims)	
Civil Services Exam 2019 (Mains)	
Staff Selection Commission	
SSC Junior Engineer 2020 Paper-I Result	www.ssc.nic.in
Jr. Hindi Translator, Jr. Translator 2020 Paper-II Result	
SSC SI & ASI 2018 Final Result	
SSC CGL 2019 Tier-I Result	
SSC CGL 2018 Final Result	
SSC Stenographer Grade-C&D 2018 Revised Final Result	
SSC CPO Paper-I Aditional Result	
CHSL Exam 2018 (Tier-II) Result	
Junior Hindi Translator & other 2018 Final Result	
Selection Posts (Phase-VII) CBT Result	
SI in Delhi Police & ASI in CISF Exam 2019 Result	
West Bengal and All India Various Exams' Result	
WB Municipal Service Commission, Field Worker MHW Advt. No. 09, 20 / 2020	www.mscwb.org
WB Municipal Service Commission, Food Safety Officer Advt. No. 13,19/2020	
WB Municipal Service Commission, Sub-Assistant Engineer Advt. No. 08/2020	
Calcutta High Court District Judge Preli Result	calcuttahighcourt.gov.in
IBPS PO/MT-X Mains Result	www.ibps.in
IBPS Clerk-X Preli Result	
WBSEDCL Assistant Engineer Final Result, 2019	www.wbsedcl.in
SBI Clerk Preli Result,2020	www.sbi.co.in
West Bengal Co-Operative Service Commission Result	www.webcsc.org
WBPSC Audit & Accounts Service Exam 2019 Preliminary	www.wbpsc.gov.in
WBPSC Misc. Services Preliminary 2019 Results	
WBPSC Food & Supply Sub-Inspector Result	
FCI Manager Phase-II Result	www.fci.gov.in
WBCS 2020 Preliminary Result	www.wbpsc.gov.in
PSC Miscellaneous Services Exam 2018 Mains Result	www.wbpsc.gov.in
PSC Industrial Development Officer Prelims Result	
RBI Officer Grade-B Phase-I Result	www.rbi.org.in

সম্প্রতি প্রকাশিত পরীক্ষার ফলাফল এবং আসন্ন পরীক্ষার তারিখ তালিকার আকারে উপরে দেওয়া হয়েছে। সাম্প্রতিক লকডাউন পরিস্থিতিতে অনেক পরীক্ষার তারিখ পিছোতে পারে, নতুন তারিখ জানানো হলে আমরা তা পত্রিকায় জানিয়ে দেব। পরীক্ষায় প্রার্থীর নিজের ফলাফল জানতে বা আসন্ন পরীক্ষায় কীভাবে প্রস্তুতি নিলে চূড়ান্ত সফল হবেন, সে বিষয়ে যদি সহায়তা চান, তাহলে 'জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এগজামস' (GSCE)-এর নিকটবর্তী কেন্দ্রে যোগাযোগ করুন।

ESTD.-1920

দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট

100 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2020

